Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 24 April, 2025

সেনাবাহিনীর অভিযানে অপদ্রব্য পুশকৃত ২১০ কেজি বাগদা ও গলদা চিংড়িসহ পুশকাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয়েছে। একই সাথে ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে তুজনকে আটক করে ভ্রাম্যমান আদালতে এক লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে। বৃহষ্পতিবার তুপুর ১২টার দকে সাতক্ষীরার শ্যামনগর উপজেলার ঈশ্বরীপুর ইউনিয়নের খাগড়াঘাট গ্রামের মাছ ব্যবসায়ি আতাউর রহমানের বাড়িতে এ অভিযান পরিচালনা করা হয়।

আটককৃতরা হলেন, শ্যামনগর উপজেলার খাগড়াদানা গ্রামের কওছার মোড়লের ছেলে মো:আতাউর মোড়ল ও একই গ্রামের শওকত মোল্লার মেয়ে ছামিয়া বেগম।

শ্যামনগর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) আব্দুল্লাহ আল রিফাত জানান, ডিজিএফআই এর কর্মকর্তা সার্জেন্ট আল মামুনের দেওয়া তথ্যের ভিত্তিতে সেনাবাহিনীর কালিগঞ্জ ক্যাম্প কমাভার ক্যাপ্টেন মো. নাহিদ হোসেনের নেতৃত্বে সেনা সদস্যরা উপজেলার ঈশ্বরীপুর ইউনিয়নের খাগড়াদানা গ্রামের মাছ ব্যবসায়ি আতাউর রহমানের বাড়িতে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ময়দা ও সাবুদানা পুশকৃত ২১০ কেজি বাগদা ও গলদা চিংড়িসহ পুশ করার কাজে ব্যবহৃত ময়দা, সিরিঞ্জ ও ঔষধ জব্দ করা হয়। একই সাথে

পুশকাজে জড়িত থাকার অভিযোগে তুইজনকে আটক করা হয়। পরে তাদেরকে ভ্রাম্যমান

আদালতের মাধ্যমে এক লাখ টাকা জরিমানা করা হয়। পরে জব্দকৃত মাছের একাংশ কেরোসিনের আগুনে নষ্ট করা হয় এবং কিছু ভাল মাছ স্থানীয় এতিমখানায় দান করা হয়।

অপদ্রব্য চিংড়ি জব্দ জরিমানা সেনাবাহিনী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:58

URL: https://timestodaybd.com/khulna/1408626065